ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*********

স- ১৬১৯
খোয়াই, ৮ জুলাই, ২০২৫

**গুরুপূর্ণিমা উপলক্ষে খোয়াইয়ে প্রস্তুতি সভা অনুষ্ঠিত**

আজ জিলা পরিষদের কনফারেন্স হলে সহকারী সভাধিপতি সত্যেন্দ্র চন্দ্র দাসের সভাপতিত্বে আসন্ন গুরুপূর্ণিমা অনুষ্ঠান উপলক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখতে গিয়ে সহকারী সভাধিপতি শ্রী দাস বলেন, আমাদের কৃষ্টি সংস্কৃতির ঐতিহ্যকে ধরে রাখার পাশাপাশি কৃষ্টি সংস্কৃতির বিকাশ ঘটাতে হবে। সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১৬ জুলাই স্থানীয় নতুন টাউনহলে জেলাভিত্তিক গুরুপূর্ণিমা ও গুরু সংবর্ধনা অনুষ্ঠান পালন করা হবে। গুরুপূর্ণিমা উপলক্ষে জেলার বিভিন্ন স্থান থেকে ৭ জন গুরুকে সংবর্ধনা প্রদান করা হবে। এলাকার শিল্পী ও বিভিন্ন সংস্থার শিল্পীদের দ্বারা এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। সভায় উপস্থিত ছিলেন, জেলার সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য দীপঙ্কর ভট্টাচার্য্য, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের যুগ্ম অধিকর্তা দীলিপ কুমার দেববর্মা, বরিষ্ঠ তথ্য আধিকারিক দুলাল দেববর্মা প্রমুখ।

*****